

একই স্মারক ও তারিখে প্রতিষ্ঠাপিত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

পরিকল্পনা শাখা-১

www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০৬২.০২২.০১.১৭-৬৮

তারিখ : ১৪/০২/২০১৮

প্রেরক : দেবাশিস কুমার দাস
সহকারি প্রধান

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি'তে বরাদ্দকৃত ১০৫০.০০ লক্ষ টাকা হতে ৩য় কিষ্টি বাবদ ১২৩.৫০ লক্ষ টাকা
“বরিশাল মেট্রোপলিটন ও খুলনা জেলা পুলিশ লাইন নির্মাণ” শীর্ষক প্রকল্প কোড নং-৫০১৯ এর জন্য অর্থ অবমুক্তি
প্রসঙ্গে।

মহোদয়,

এ বিভাগের ২৫/০৯/২০১৭ তারিখের ৫৫৫ নং সরকারী আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী “বরিশাল
মেট্রোপলিটন ও খুলনা জেলা পুলিশ লাইন নির্মাণ” শীর্ষক প্রকল্পের জিওবি খাতে বরাদ্দকৃত ১০৫০.০০ লক্ষ টাকা হতে ৩য় কিষ্টির
অর্থ নির্দেশক্রমে নিম্নরূপে অবমুক্ত করা হলো :

(অংকসমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিষ্টির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
পুলিশ অধিদপ্তর কোড নং-২২১১	“বরিশাল মেট্রোপলিটন ও খুলনা জেলা পুলিশ লাইন নির্মাণ” শীর্ষক প্রকল্প কোড নং-৫০১৯	অনুমোদিত	৩য় কিষ্টি	৫.০০	১১৮.৫০	১২৩.৫০

- ১। এ ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের গ্রান্ট নং-১৮ হিসাবের খাত ৫-২২-২২১১-৫০১৯ হতে বহন করা হবে।
- ২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (তবে শুক্র মূল্য সংযোজন কর এবং পুনর্ভবনযোগ্য প্রকল্প সাহায্যের
জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত);
- ৩। কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অংগের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না;
- ৪। এ অর্থ ব্যয়ের যাবতীয় আর্থিক বিধি বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- ৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- ৬। পরবর্তীতে প্রকৃত ব্যয়ের হিসাব বিবরণী প্রেরণ করতে হবে;
- ৭। অব্যয়িত অর্থ ৩০ জুন/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সমর্পন করতে হবে;

৫।

(দেবাশিস কুমার দাস)

সহকারি প্রধান

ফোন : ৯৫৬৯২৭৩

তারিখ : ১৪/০২/২০১৮

স্মারক নং-৪৪.০০.০০০০.০৬২.০২২.০১.১৭-৬৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দ্বঃ আঃ-অতিরিক্ত-সচিব, বাজেট শাখা-১)
- ২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (দ্বঃ আঃ- অতিরিক্ত ডিআইজি, উন্নয়ন)।
- ৩। প্রধান প্রকৌশলী, গণপৃত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, “বরিশাল মেট্রোপলিটন ও খুলনা জেলা পুলিশ লাইন নির্মাণ” শীর্ষক প্রকল্প, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।



25/02/18

(দেবাশিস কুমার দাস)

সহকারি প্রধান